রদ্দে গায়ের মুকাল্লিদীয়াত সিরিজ-৪

তিন তালাকের মাসআলা ও হালালার বিধান

মুহাম্মাদ আব্দুল আলিম

জিওগ্রাফী অনার্স, (ফার্স্ট ক্লাস), বি.এড.,

ওহর্ষী দয়ানন্দ ইউনিভার্সিটি, রোহতাক, হরিয়ানা,

তিন তালাকের মাসআলা ও হালালার বিধান

মুহাম্মাদ আব্দুল আলিম

জিওগ্রাফী অনার্স, (ফার্স্ট ক্লাস), বি. এড., মহর্ষী দয়ানন্দ ইউনিভার্সিটি, রোহতাক, হরিয়ানা,

:: প্রকাশনায় ::

আইডিয়া প্রকাশনী

Teen Talaqer Mas'ala O Halalar Bidhan
Written By Muhammad Abdul Alim

ঃঃপ্রকাশনায় ঃঃ
অন্জুমানে উলামায়ে আহনাফ
ইলামবাজার, বীরভূম, পশ্চিমবঙ্গ, ভারত

প্রকাশক
হাফিয আমিল ওবাইদুল্লাহ
মোবাইল ঃ +৯১ ৯৭৩৪২০১০১২

প্রকাশকাল
প্রথম প্রকাশ ১৩ জুলাই ২০১৪
First Print : 13 July 2014 (Ramajan)

: মুদ্রনে :
নুমান প্রিন্টার্স
শালজোড়, বীরভূম
মোবাইল- +৯১ ৮১৪৫৫৩১৯৬০
সাঈদ আনয়ার হোসাইন
শালজোড়, বীরভূম

মূল্য : ৩৫ /- (পঁয়ত্রিশ টাকামাত্র)

Teen Talaqer Mas'ala O Halalar Bidhan Written by Muhammad Abdul Alim. 1st Edition 13 July 2014 Published By Anjuman-e- Ulama-e-Ahnaf, Ellambazar, Birbhum, West Bengal, India, Price Rs : 35/- (Sixty Rupise Only)

ভূমিকা

بسم الله الرحمٰن الرحيم
نحمده ونصلى علىٰ رسوله الكريم

বিসমিল্লাহির রহমানির রহিম

সমস্ত প্রসংশা একমাত্র মহান আল্লাহ তাআলার জন্য যিনি সারা বিশ্বের অধিশ্বর, সকলের স্রষ্টা প্রতি পালক এবং একমাত্র উপাস্য । তাঁর প্রিয় হাবীব তাজদারে মদীনা আহমদ মুজতাবা মুহাম্মাদ মুস্তাফা রসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লাম এঁর প্রতি কোটি কোটি দরুদ ও সালাম যিনি রাহমাতুল্লিল আলামিন, সাইদুল মুরসালিন, সাফিউল মুজনাবিন ।

তথাকথিত আহলে হাদীসদের সঙ্গে আমাদের মাযহাবপন্থী আহলে সুন্নত ওয়াল জামাআতের একটি মারাত্মক মতভেদী মাসআলা হল তিন তালাকের মাসআলার উপর । আমাদের হানাফী, শাফেয়ী, মালেকী ও হাম্বালী মজহাবে স্ত্রীকে একসঙ্গে তিন তালাক দিলে তিন তালাক বলেই গন্য হবে । এমনকি কোরআন, হাদিস, সাহাবায়ে কেরামদের ফতোয়া এবং মুহাদ্দিস সম্রাট ইমাম বুখারী (রহঃ) এর মতানুযায়ী এক এক সঙ্গে তিন তালাক বলেই গণ্য । অপর দিকে সহীহ হাদীসের দাবীদার কুরআন হাদীসের বিপক্ষে ফতোয়া প্রদানকারী আহলে হাদীস নামধারী ফিরকার নিকট এক মজলিসে তিন তালাক এক তালাক বলে গন্য । যা কুরআন ও সহীহ হাদীসের বিপরীত ।

আহলে হাদীসরা যে বলে এক মজলিসে তিন তালাক দিলে এক তালাক হবে তা ভুল প্রমাণ ও আমাদের আহলে সুন্নত ওয়াল জামাআত মাযহাবপন্থী চার মাযহাবের মত এক মজলিসে তিন তালাক দিলে তিন তালাক হবে তা প্রমাণ করার জন্যই আমার এই পুস্তক প্রনয়ণ ।

পাঠকদের বলি, মানুষ মাত্রেই ভূল হয় । তাই এই পুস্তকের মধ্যে কোন ভুল ভ্রান্তি আপনাদের নজরে পড়ে আমাকে জানাবেন পরবর্তী সংস্করণে তা সংশোধন করার চেষ্টা করব ইনশাল্লাহ । পরিশেষে পাঠকদের জানাই আপনারা দোওয়া করবেন আল্লাহ তাআলা যেন আমাদের ইমান বৃদ্ধি করে দেন এবং খতিমা বিল খাইর দান করুন । (গ্রনথকার)

মুহাম্মাদ আব্দুল আলিম
গ্রাম ঃ- শালজোড়, পো ঃ- লোকপুর
থানা ঃ- খয়রাশোল, জেলাঃ- বীরভূম
পশ্চিম বঙ্গ, ভারত
মোবাইল-+৯১ ৯৬৩৫৪৫৮৩৩১
E-Mail - md.abdulalim1988@gmail.com

এক সাথে তিন তালাক দেওয়া

হানাফী, শাফেয়ী, মালেকী ও হাম্বালী মজহাবে স্ত্রীকে একসঙ্গে তিন তালাক দিলে তিন তালাক বলেই গন্য হবে । এমনকি কোরআন, হাদিস, সাহাবায়ে কেরামদের ফতোয়া এবং মুহাদ্দিস সম্রাট ইমাম বুখারী (রহঃ) এর মতানুযায়ী এক এক সঙ্গে তিন তালাক বলেই গণ্য । কিন্তু গায়ের মুকাল্লিদিন আহলে হাদিস সম্প্রদায়ের লোকেরা তিন তালাককে এক তালাক বলেই গণ্য ।

আহলে হাদীসদের দলীল

১ নং দলীল

হাদিস ঃ হজরত নাফি বিন উজাইর (রাঃ) বর্ণনা করেন যে, হজরত রুকানা (রাঃ) নিজের স্ত্রী সুহাইমাকে আলবাত্তাহ শব্দে তালাক দিয়েছিলেন । তারপর হুজুর (সাঃ) এর কাছে এসে বললেন, হে আল্লাহর রসুল (সাঃ) আমি আমার স্ত্রী সুহাইমাহকে 'আলবাত্তাহ' শব্দে তালাক দিয়েছি আল্লাহর কসম ! এটা বলে এক তালাক দেওয়াই আমার নিয়ত ছিল তখন আল্লাহর রসূল (সাঃ) তাকে কসম দিয়ে জিজ্ঞেস করলেন, এক তালাক দেওয়াই তোমার নিয়ত ছিল কি ? হজরত রুকনা (রাঃ) বললেন, আল্লাহর কসম ! এক তালাক দেওয়াই আমার নিয়ত ছিল। একথা শুনে নবী (সাঃ) তার স্ত্রী তাকে ফিরিয়ে দিলেন। তারপর হজরত রুকানা (রাঃ) তাকে (অর্থাৎ সুহাইমাহকে) হজরত উমার (রাঃ) এর যুগে দ্বিতীয় তালাক দিয়েছিলেন। (আবু দাউদ শরীফ, পৃষ্ঠা-৩০০/ তিরমিযী শরীফ, পৃষ্ঠা-২২২/ইবনে মাজাহ শরীফ, পৃষ্ঠা-১৪৮)

সূত্রগত ভাবে এই হাদিসটি সহীহ । এই হাদিস দ্বারা পরিস্কার বোঝা যায় হজরত রুকানা (রাঃ) নিজের স্ত্রীকে আলবাত্তাহ শব্দ দ্বারা তালাক দিয়েছিলেন । আর এই আলবাত্তাহ শব্দ দ্বারা তালাক দেওয়ার অর্থ হল এক তালাক হতে পারে ও একসঙ্গে তিন তালাক ও হতে পারে । তাই

এক্ষেত্রে তালাক দাতার নিয়তের ওপর নির্ভর করে । এই জন্য নবী করীম (সাঃ) হযরত রুকানা (রাঃ) আলবাত্তাহ শব্দ দ্বারা তিন তালাক দেওয়ার নিয়ত করতেন তাহলে নিশ্চয় তিন তালাক পড়তো । অন্যথায় নবী (সাঃ) এর কসম দেওয়াটা অনর্থক সাব্যস্ত হবে। এদ্বারা বোঝা গেল, এক সাথে তিন তালাক দিলে তা তিন বলেই ধার্তব্য হয়। ইমাম শরহে সহীহ মুসলিম ১/ ৪৭৮ পৃষ্ঠায়, ইমাম শাফিয়ী কিতাবুল উম্ম- এ ৫/২৬৫ পৃষ্ঠায় ও ইমাম আবু বকর জাসসাস (মৃত্যু ৩৭০ হিজরী) আহকামুল কুরআন-এর ১/৩৮৮ পৃষ্ঠায় একথা লিপিবদ্ধ করেছেন। (হানাফী কেল্লা, পৃষ্ঠা-১১৮, প্রথম খন্ড)

বিখ্যাত আহলে হাদিস ইমাম শাওকানী অকপটে স্বীকার করে স্বীয় কিতাবে লিখেছেন, হজরত রুকানার ঘটনা সর্ম্পকে সর্বাধিক প্রমানিত কথা এটাই যে, তিনি স্ত্রীকে আলবাত্তাহ তালাক দিয়েছিলেন; তিন তালাক দেননি । (নায়নুল আওতার, পৃষ্ঠা-২৪৬)

২ নং দলীল

আহলে হাদিস বা গায়ের মুকাল্লিদ সম্প্রদায়ের লোকেরা তাদের দলীলের স্বপক্ষে যে দ্বিতীয় হাদিস পেশ করে তা হল,

হজরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে যে, রুকানা (রাঃ) নিজের স্ত্রীকে এক মজলিসে তিন তালাক দিয়েছিলেন । তাই নবী (সাঃ) সেটাকে এক তালাক বলে গণ্য কে তার স্ত্রী তাকে ফিরিয়ে দিয়েছিলেন । (মুসানে আহমদ, মুসনাদে আবী ইয়ালা, বাইহাকী সরীফ, পৃষ্ঠা-৩৩৯)

মুহাদ্দিসিনে কেরামদের মতে এই হাদিসটি সূত্রগত ভাবে জয়ীফ। এই হাদিসটি দুরকম সনদে বর্নিত আছে । (১) ইবনে জুরারহ নামক রাবীর সূত্রে । (২) মুহাম্মাদ বিন ইসহাক (মাগা-যী আধ্যায়ের ইমাম) সূত্রে । উভয় সনদি অত্যন্ত দুর্বল ও দলীলের অযোগ্য ।

ইবনে জুরাইজ নামক রাবীর সূত্রে এই হাদিসের সনদে আবু রাফি-এর জনৈক সন্তান মাজহুল হওয়ার কারণে এটি অগ্রহনীয় আহলে হাদিসদের বিখ্যাত মওলানা ইবনে হাযম যাহিরী লিখেছেন, আবু রাফি এর জনৈক সন্তান মাজহুল মাজহুল সনদ দ্বারা দলীল পেশ করা যায় না (মুহাল্লা, পৃষ্ঠা- ১৬৮)

মুস্তাদরাকে হাকিম-এ ৩৮১৭ নং হাদিসে উক্ত রাফি-এর জনৈক সন্তানের নাম মুহাম্মদ বিন উবাইদিল্লাহ বিন আবী রাফি বলে উল্লেখ আছে। অর্থাৎ আবু রাফে (রাঃ) এর পৌত্র মুহাম্মাদ খুবই দুর্বল। আর এই হাদিসটি ভুল কেননা, এই হাদিসের তালাকদাতা হিসাবে আব্দে ইয়াযীদ ইসলামের যুগ পায়নি।

ইমাম আদী বলেছেন, মুহাম্মাদ বিন উবাইদিল্লাহ কুফার একজন শিয়া ইমাম বুখারী (রহঃ) বলেছেন, ইনি মুনকারুল হাদিস। ইবনে মায়ীন বলেছেন, এর হাদিস কিছুই নয়। (মীযা ন-৭৪৪৯ জীবনী) ইমাম আবূ হাতিম বলেছেন, এর হাদিস অত্যন্ত দুর্বল ও মুনকার এবং ইনি ভ্রন্ত (জারাহ তাদীল ১৩৩১৩ নং জীবনী)

অতএব সনদটি সম্পূর্ণ অগ্রহনীয়।

অপরদিকে মুহাম্মদ বিন ইসহাকের সূত্রে এই হাদিসটি বর্ণিত। এই হাদিসের সনদে মুহাম্মদ বিন ইসহাক নামক মাযা-যী অধ্যায়ে নির্ভরযোগ্য কিন্তু হালাল হারামের বিষয়ে বিতর্কিত আহলে হাদিস গায়ের মুকাল্লিদিনদের বিখ্যাত আলেম নাবাব সিদ্দিক হাসান খান লিখেছন,

এই সনদেও সেই মুহাম্মদ বিন ইসহাক আছেন, যিনি দলীলযোগ্য নন । (দলীলুত ত্বা-লিব, পৃষ্ঠা-২৩৯)

এই হাদিসে সনদে দাউদ ইবনুল হুসাইন নামক একহন বিতর্কিত ব্যক্তি। তিনি এই হাদিসটি ইকরিমা হতে বর্ণনা করেছেন । আর দাউদ

ইবনুল হুসাইনের হাদিস ইকরিমা হতে পরিত্যজ্য । এই জন্য ইমাম বাইহাকী (রহঃ) স্বীয় সুনানে ৭/৩৩৯ পৃষ্ঠায় ইবনে ইসহাকের ইর সনদে হাদিসটি বর্ণনা করে লিখেছেন,

"এই সনদটি দ্বারা দলীল প্রতিষ্ঠিত হয় না । উপরন্তু, হজরত ইবনে আব্বাস (রাঃ) হতে ৮ জন রাবীর সূত্রে এই হাদিসের বিপরীত ফতওয়া বর্ণিত আছে এবং হজরত রুকানর সন্তানেররা বর্ণনা করেন যে, রুকানা এক তালাকেই দিয়াছিলেন ।"

সুতরাং এই হাদিস দুটি দ্বারা প্রমানিত হয় না একসঙ্গে তিন তালাক দিলা এক তালাক বলে গণ্য হবে ।

এই হাদিসের রাবীর অবস্থা

এই হাদিসটি ইমাম আহমাদ বিন হাম্বারে (রহঃ) সাআদ বিন ইবরাহীম থেকে এবং তিনি মুহাম্মদ বিন এসহাক তেকে এবং তিনি দাউদ বিন আল হুসাইন থেকে এবং তিনি ইকরিমা থেকে ইকরিমা আব্দুল্লাহ বিন আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন ।

এটা হল এক ধরনের শায রেওয়ায়েত যেটাকে নিয়ে আহলে হাদিস সম্প্রদায়ের লেকেরা বড়ি লম্ফ ঝম্ফ করে থাকে ।

(১) এই হাদিসের প্রথম রাবী হলেন ইমাম আহমদ বিন হাম্বাল (রহঃ) । যদি আহলে হাদিসদের সামান্যতমও আল্লাহর ভয় থাকতো তাহলে তারা বলত যে ইমাম আহমদ বিন হাম্বল (রহঃ) এর মাসলাক কোনোক্রমেই এইরকম নয় । ইমাম আহমাদ বিন হাম্বল (রহঃ) যে চিঠিটি মসউদ মুসরাহদকে লিখেছিলেন তাতে তিনি বলেছেন, "যে ব্যক্তি এক বাক্যে তিন তালাক দেয় সে মুখতার কাজ করল এবং তার স্ত্রী তার জন্য হারাম হয়ে গেল এবং তার স্ত্রী ততক্ষন পর্যন্ত তার জন্য হালাল হবে না যতক্ষন পর্যন্ত তার স্ত্রী দ্বিতীয় বিবাহ করবে ।" (আল আশ শিফাক)

অর্থাৎ এই হাদীসের প্রথম রাবী হযরত ইমাম আহমদ বিন হাম্বল (রহঃ)-এর মতে এক মজলিসে তিন তালাক তিন বলেই গন্য হবে ।

(২) আহলে হাদীস দলের লোকেরা এই ‘শায’ রেওয়াতটাকে বাইহাকী শরীফেরও হাওয়ালা দিয়ে থাকেন । কিন্তু আল্লাহর ভয় তাঁদের মনে সামান্যও স্থান পায় না । ইমাম বাইহাকী (রহঃ) এই হাদীসটি পেশ করার পর লিখেছেন, ‘‘এই সনদটা কোনক্রমেই দলীল নয় । কেননা, আট ‘সিক্বাহ’ রাবী হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে এর বিপরীত বর্ণনা করেছেন । নির্ভরযোগ্য রাবীর বিপরীত যদি নির্ভরযোগ্য রাবীও হয় তবুও বর্ণনা ‘শায’ এবং ‘মরদুদ’ হয়ে যায় এবং যখন নির্ভরযোগ্য রাবীর বিরুদ্ধে মিথ্যাবাদী এবং বিদ্‌আতী কোনো ‘শায’ বর্ণনা করে ।

এর পর ইমাম বাইহাকী (রহঃ) এই বর্ণনাটিকে ‘শায’ এবং ‘মরদুদ’ হবার দ্বিতীয় কারণ লিখেছেন, ‘‘রুকানার সন্তানেরা এর বিপরীত বর্ণনা করেছেন যে রুকানা (রাঃ) এক তালাক দিয়েছিলেন ।’’

(৩) ইমাম আবু দাউদ (রহঃ)ও এটাই বলেছেন যে সত্য কথা এটাই যে রুকানা (রাঃ) এক তালাকই দিয়েছিলেন । রুকানা (রাঃ)-এর পরিবারের লোকেরাও এটাই বলেছেন এবং এরকম অবস্থা পরিবারের লোকেরাই ভাল স্মরণ রাখেন ।

(৪) এই হাদীসের দ্বিতীয় রাবী সাআদ বিন ইবরাহীম নামক একজন ব্যাক্তি । তিনি একজন গায়ক ছিলেন । আর গান করা ইসলামে প্রকাশ্য হারাম । এই সাআদ বিন ইবরাহীম হাদীস শোনাবার আগে বাদ্যযন্ত্র নিয়ে গান শোনাতেন । দেখা যাক আজ থেকে আহলে হাদীস দলের লোকেরা মাদ্রাসায় হাদীস শিক্ষা দেওয়ার আগে বাদ্যযন্ত্র নিয়ে গান শোনান কিনা । ‘মিযানুল এ’তেদাল’ কিতাবে লেখা আছে, ‘‘সে খুব সুন্দর গান গাইত ।’’ অন্য জায়গায় আছে, ‘‘অন্যের জন্যও গান গাওয়াওকে জায়েয বলে মনে করত ।’’

সুতরাং এর দ্বারা বোঝা যায় আহলে হাদীসরা যাঁরা এই হাদীসটিকে দলীল স্বরুপ পেশ করেন তাঁরা সাআদ বিন ইবরাহীম নামক বাদ্যযন্ত্র নিয়ে গান বাজনাকারী রাবীর হাদীস মাননেওয়ালা আহলে হাদীস ।

(৫) এই হাদীসের পরের রাবী অর্থাৎ তৃতীয় রাবী মুহাম্মাদ বিন ইসহাক নামক এক ব্যাক্তি । ইমাম মালেক (রহঃ) একে দাজ্জাল বলেছেন । সে তকদীরকে অর্থাৎ ভাগ্যকে অস্বীকারকারী ছিল অর্থাৎ সে কাদেরীয়া ফিরকার লোক ছিল । সেজন্য তাকে শাস্তিও পেতে হয়েছিল । সে শিয়া ছিল । কোন হারাম হালাল মাসআলায় কোনো মুহাদ্দিস তার লেখা গ্রহণ করতেন না । যদি সে একা হয় তাহলে তার হাদীস নিঃসন্দেহে 'মরদুদ' । কিন্তু এখানে সে একা নয় অন্য সহীহ হাদীসের বিপরীত এবং আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ)-এর ফতোয়ার বিপরীত বর্ণনা করেছে ।

(৬) এই হাদীসের চতুর্থ রাবী অর্থাৎ মুহাম্মাদ বিন ইসহাকের উস্তাদ অথাৎ দাউদ বিন আল হুসাইন । ইমাম আবু দাউদ (রহঃ) বলেছেন, যে দাউদ বিন আল হুসাইন ইকরিমা থাকে মুনকির হাদীস বর্ণনা করে । সে মতবাদের দিক থেকে খারিজী ছিল । আশ্চর্যের ব্যাপার এই যে এই হাদীসটিকেও সে ইকরিমা থেকে বর্ণনা করেছে । আল্লামা যাহাবী (রহঃ) তাকে 'মুনককির' বলে বর্ণনা করেছেন । (মিযানুল এ'তেদাল)

(৭) এই হাদীসের পঞ্চম রাবী হলেন দাউদ বিন আল হুসাইনের উস্তাদ অর্থাৎ ইকরিমা । সেও খারিজী মতবাদের লোক ছিল । তাকে আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) এর ছেলে পায়খানা ঘরের পাশে বেঁধে দিতেন এবং বলতেন, ''এই মিথ্যাবাদী, খবীশ আমার পিতার উপর মিথ্যা কথা বলে ।'' অশ্চর্যের ব্যাপার এই যে এই হাদীসটাকেও সে হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) এর উপর মিথ্যা বলেছে । ইমাম সায়ীদ বিন আল মুসায়্যিব, ইমাম আত্বা, আল্লামা ইবনে শিরিন (রহঃ) একে মিথ্যাবাদী বলেছেন । সে বলত, আল্লাহ পাক কুরআন শরীফে মুতাশাবাহাত আয়াত নাযিল করে মানুষকে গুমরাহ করে দিয়েছেন ।

মদীনার বিচারক যখন একে অনুসন্ধান করার হুকুম দেন তখন তার খারিজী ছাত্র দাউদ বিন আল হুসাইনের কাছে আত্মগোপন করেছিল এবং সেখানেই মারা গিয়েছিল । লোকেরা তার জানাযার নামাযও পড়ে নি । (মিযানুল এ'তেদাল, তৃতীয় খন্ড, পৃষ্ঠা-৯৬)

(৮) এই হাদীসটা হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ)-এর প্রতি আরোপ করা হয়েছে । আর এটা পরিস্কার প্রমাণিত হয় যে তিনি তিন তালাককে তিন হওয়ার ফতোয়া দিতেন । এই 'শায' ও 'মুনকির' বর্ণনাটিকে আপ্তবাক্য মনে করে কিতাব ও সুন্নত ও ইজমার প্রতি কুঠারাঘাত করে একমাত্র আহলে হাদীসরাই মানতে পারে । তাছাড়া কেউ মানতে পারে না ।

সুতরাং উপরিউক্ত আলোচনার মাধ্যমে পরিস্কার প্রমাণিত হয়ে গেল যে এই হাদীসটি নিতান্তই নিম্নমানের মওযু মনগড়া বানোয়াট । আর আহলে হাদীসদের এই হাদীসটার প্রতি আমল করা দেখে আমরা পরিস্কার বুঝতে পারি সাআদ বিন ইবরাহীম নামক রাবীর মতো বাদ্যযন্ত্র নিয়ে গান বাজনাকারী, মুহাম্মাদ বিন ইসহাকের মতো দাজ্জাল, কাদেরীয়া, শিয়া, দাউদ বিন আল হুসাইনের মতো মুনকির, খারিজী এবং ইকরিমার মতো খারিজী যাকে হযরত ইবনে আব্বাস (রাঃ)-এর ছেলে পায়খানার ঘরের পাশে বেঁধে রাখতেন, কুরআন অস্বিকারকারী মিথ্যাবাদীর হাদীস মাননেওয়ালা মওযু আহলে হাদীস । আর শিয়া, খারিজী, কাদেরীয়া, দাজ্জাল, মুনকির, গান বাজনাকারী রাবীর হাদীস একমাত্র আহলে হাদীস ছাড়া আর কারা মানতে পারে ?

আইনুল বারী সাহবের শেষ পরিণতি

আহলে হাদীসদের মহামান্য আইনুল বারী সাহেব তাঁর 'ইসলামী তালাকবিধি' পুস্তকে এক মজলিসে তিন তালাককে এক বলে প্রমাণ করার জন্য 'মুসনাদে আহমাদ' ও 'মুসনাদে আবী ইয়ালা' থেকে উক্ত হাদীসটি পেশ করে লিখেছেন,

‘‘এক মজলিসে তিন তালাক দিলে তা ‘এক তালাকে’ পরিণত হয় বলে কতিপয় হাদীস বর্ণিত হয়েছে, সেগুলো সম্পর্কে এক মজলিসে তিন তালাককে ‘তিন’ গন্যকারীরা কোনো না কোনো ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করেছেন । কিন্তু মোসনাদে আহমদ ও মোসনাদে আবী ইয়ালার হাদীসটির কোনো গ্রহণযোগ্য ব্যাখ্যা দিতে পারেন নি ।’’ (ইসলামী তালাকবিধি, পৃষ্ঠা-৫০)

প্রিয় পাঠক ! লক্ষ্য করুন আইনুল বারী সাহেবের জেহালতীর নমুনা । একটি নিম্নমানের মওযু হাদীসকে পেশ করে বলছেন, ‘‘তিন তালাককে তিন তালাক বলে গন্যকারীরা এর কোনো গ্রহণযোগ্য ব্যাখ্যা দিতে পারেননি ।’’ আর এর আগে প্রমাণ করে দেওয়া হয়েছে যে এই হাদীসটি মওযু ।

এই হাদীসটির রাবী আছে সাআদ বিন ইবরাহীম । যিনি হাদীস শোনাবার আগে বাদ্যযন্ত্র নিয়ে গান শোনাতেন । দেখা যাক আইনুল বারী সাহেব হাদীস পড়াবার আগে কতবার তাবলা বাজিয়ে তাঁর ছাত্রদের গান শোনান ।

এই হাদীসের রাবী মুহাম্মাদ বিন ইসহাক কাদেরিয়া ও শিয়া ফিরকার লোক ছিল । দেখা যাক কবে আইনুল বারী সাহেব নিজেকে প্রকাশ্যভাবে কাদেরিয়া ও শিয়া বলে ঘোষনা করেন । এই রাবী মুহাম্মাদ বিন ইসহাককে ইমাম মালেক (রহঃ) দাজ্জাল বলেছেন । জনাব আইনুল বারী সাহেবের মধ্যেও কি মুহাম্মাদ বিন ইসহাকের চরিত্র প্রবেশ করেছে ?

এই হাদীসের রাবী আছে ইকরিমা । যাকে হযরত ইবনে আব্বাস (রাঃ) এর ছেলে পায়খানা ঘরের সামনে বেঁধে রাখতেন এবং বলতেন, ‘‘ এই মিথ্যাবাদী, খবীশ আমার পিতার উপর মিথ্যা কথা বলে ।’’ দেখা যাক আহলে হাদীস দলের লোকেরা কতবার আইনুল বারী সাহেবকে পায়খানা ঘরের সামনে বেঁধে রাখে আর বলে, ‘‘এই মিথ্যাবাদী, খবীশ হাদীসের নামে মিথ্যা কথা বলে ।’’

এই হাদীসটাকে আহলে হাদীসদের মহামান্য ইমাম শাওকানী তাঁর 'নায়নুল আওতার' গ্রন্থে যয়ীফ বলে স্বীকার করেছেন । বাংলাদেশের ড. আসাদুল্লাহ আল গালীব 'তালাক ও তাহলীল' গ্রন্থে যয়ীফ মানতে বাধ্য হয়েছেন সেই হাদীসটাকে আইনুল বারী সাহেব দলীল স্বরূপ পেশ করেছেন । সত্যই আহলে হাদীসদের কপালে এমনই হতভাগা মুজতাহীদ জুটেছে যে সহীহ ও মওযু হাদীসের মধ্যে পার্থক্য নিরুপণ করতে পারে না ।

আর এদিকে দেখা যায় আইনুল বারী সাহেব স্বয়ং একথা স্বীকার করে লিখেছেন যে মুসলিম শরীফের যে হাদীসটা তারা তিন তালাককে এক তালাক বলে প্রমাণ করার চেষ্টা করেন সেই হাদীসটাকে আল্লামা ইবনে হাজার আসকালানী (রহঃ) আট রকম জবাব দিয়েছেন । অর্থাৎ আইনুল বারী সাহেবের নিকট মুসলিম শরীফের হাদীসটি গ্রহণযোগ্য নয় । মুসনাদে আহমদের হাদীসটি গ্রহণযোগ্য । অপরদিকে ড. আসাদুল্লাহ আল গালীব সাহেব 'তালাক ও তাহলীল' গ্রন্থে লিখেছেন তাতে প্রতীয়মান হয় যে মুসলিম শরীফের হাদীসটা গ্রহণযোগ্য মুসনাদে আহমদের হাদীস গ্রহণযোগ্য নয় । সুতরাং আহলে হাদীসদের দুই মহাপন্ডিতের মতে একে অপরের হাদীস গ্রহণযোগ্য নয় । আর আমরা বলব আহলে হাদীসদের কোন দলীল গ্রহণযোগ্য নয় ।

৩ নং দলীল

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, রসুলুল্লাহ (সাঃ) এর যুগে আবু বকরের খেলাফত কালে এবং হযরত উমার (রাঃ) এর খেলাফতের প্রথম দু'বছর তিন তালাক এক ছিল । অতঃপর উমার বললেন, লোকেরা এমন একটি বিষয়ে অগ্রগমন করেছে, যার মধ্যে তাদের জন্য অবকাশ রাখা ছিল । তাই আমরা যদি তাদের ! তারপর তিনি সেটা মানুষদের উপর জারী করে দিলাম । (সহীহ মুসলিম, পৃষ্ঠা-৪৭৭)

এই হাদীসের পরিপ্রেক্ষিতে গায়ের মুকাল্লিদ বা আহলে হাদীস সম্প্রদায়ের লোকেরা বলে, এই হাদীস দ্বারা প্রমাণিত হয় সর্বপ্রথম এক মজলিসের তিন তালাককে তি বলে ফরমান জারী করেছিলেন খলিফা হযরত উমার (রাঃ) । তার আগে এক মজলিসে তিন তালাককে এক তালাক বলে গন্য করা হত ।

এই হাদীসের জবাবে আল্লামা ইবনে হাজার আসকালানী (রহঃ) সহীহ বুখারীর ব্যাখ্যাগ্রন্থ ফত্হুল বারীতে আহলে হাদীসদের উক্ত দলীলের ৮ প্রকার জবাব লিপিবদ্ধ করেছেন । যার পর আহলে হাদীসদের আর মুখ খোলার অবকাশ থাকে না ।

জবাবটি হল, উক্ত হাদীসের অর্থ হল, স্বামী যদি নিজের স্ত্রীকে বলে, ‘‘তোমাকে তালাক, তোমাকে তালাক, তোমাকে তালাক’’ তাহলে এভাবে দেওয়া তি তালাক রসুলুল্লাহ (সাঃ) ও হযরত আবু বকরের খিলাফতকালে এবং হযরত উমার (রাঃ) এর খিলাফতকালের প্রথম দু’বছর এক বলে গন্য হত । কেননা, সধারনতঃ তৎকালীন মানুষেরা দ্বিতীয় ও তৃতীয় বার এটা বলে কেবলমাত্র কথার মধ্যে গুরুত্ব আরোপ করতে চাইত । দুই ও তিন তালাক দেওয়া তাদের উদ্দেশ্য হত না । তাই তখনকার পরিবেশ অনুযায়ী কথা ধর্তব্য করে এক তালাকের ফত্ওয়া হত । অতঃপর যখন উমার (রাঃ) এর যুগে লোকেরা স্ত্রীকে ‘‘তোমাকে তালাক, তোমাকে তালাক, তোমাকে তালাক’’ কথাটি তিন তালাক দেওয়ার উদ্দেশ্যে প্রচুর পরিমানে ব্যাবহার করতে লাগল এবং এর ব্যাপক পরিবেশ গড়ে উঠল । তখন উমার (রাঃ) বললেন, লোকেরা এমন একটি বিষয়ে অগ্রগমন করেছে, যার মধ্যে তাদের জন্য অবকাশ রাখা ছিল । তাই আমরা যদি তাদের জন্য সেটা কার্যকারী করে দিতাম । তারপর তিনি সেটা মানুষদের উপর জারী করা দিলেন । অর্থাৎ তিন তালাকের ফত্ওয়া জারী করে দিলেন । কেননা, যুগ বদলে গেছে ।’’

বিশ্বনন্দিত মুহাদ্দিস ইমাম নববী শরহে মুসলিমের ৪৭৮ পৃষ্ঠায় উক্ত হাদীসের এই ব্যাখ্যাটিকে বিশুদ্ধতম বলে অভিহিত করেছেন ।

মুহাদ্দিসিনে কেরামরা এই হাদীসের আর একটি জবাব লিপিবদ্ধ করেছেন । সেটি হল, নারী হল দুই প্রকার, (১) মাদখুল বিহা অর্থাৎ যে নারীর সঙ্গে স্বামীর সহবাস হয়েছে, (২) গায়ের মাদখুল বিহা অর্থাৎ যে নারীর সহিত স্বামীর সহবাস হয়নি । উপরিউক্ত হাদীসটি দ্বিতীয় প্রকার নারীর জন্য বর্ণনা করা হয়েছে । এইরুপ গায়ের মাদখুল বিহা স্ত্রীকে যদি কেহ পৃথক পৃথক শব্দের দ্বারা তালাক দেয় যেমন, তোমাকে তালাক, তোমাকে তালাক, তোমাকে তালাক, এমতাবস্থায় সে প্রথম তালাকেই বায়েনা অর্থাৎ বিবাহ বন্ধন বিচ্ছেদ হয়ে থাকে এবং এইরুপ স্ত্রীর প্রতি ইদ্দত পালনেরও প্রয়োজন হয়না সুতরাং বিবাহ বন্ধন বিচ্ছেদ হওয়ার পরে সে তালাকের স্থান থাকে না । অতএব দ্বিতীয় ও তৃতীয় বেকার হয়ে যায় । এই জন্য বলা হয়েছে তিন তালাক দিলে এক তালাক গন্য হয় । হুজুর (সাঃ), আবু বকর সিদ্দিক (রাঃ) এবং হযরত উমার (রাঃ) এর খেলাফতকালীন প্রথম দিকে গায়ের মাদখুল বিহা স্ত্রীকে তালাক দেওয়ার নিয়ম এরকমই ছিল । কিন্তু তার পরবর্তী যুগের লোকেরা দ্রুতগামী তালাক দিতে আরম্ভ করল । অর্থাৎ এক শব্দে তিন তালাক দিতে লাগল ফলে হযরত উমার (রাঃ) ঘোষনা করলেন যে, এখন থেকে তিন তালাক সাব্যস্ত হবে । কেননা, তোমাকে তিন তালাক দিলাম এই শব্দ বিবাহ থাকা অবস্থায় বলেছে অতএব তিন তালাক সাব্যস্ত হবে । এখন হয়তো অনেকে প্রশ্ন করতে পারেন এটাও তো উক্ত হাদীসের স্বপক্ষে যুক্তি ও মনগড়া অভিমত এর পিছনে কোন হাদীস ত নেই যার দ্বারা বুঝা যাবে যে কেবল ওই স্ত্রীর জন্য যার সঙ্গে গায়ের মদখুল বিহা বা সহবাস করা হয়নি ।

উত্তরে বলব, হাদীস অবশ্যই আছে আমরা হানাফীরা দলীল ছাড়া কিছু মানি না । যাইহোক হাদীসটি নিচে বর্ণনা করা হল,

হাদীস ঃ হযরত তাউস (রাঃ) থেকে বর্ণিত যে একজন ব্যাক্তি ছিলেন তিনি আবুস সাহাবা নামে পরিচিত । তিনি হযরত ইবনে আব্বাস (রাঃ)কে বললেন, আপনার কি জানা নেই হুজুর (সাঃ) এবং হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) এবং হযরত উমার (রাঃ) খলিফা হওয়ার পর বেশ কিছুদিন এমন ছিল যে মানুষ যদি বিবাহের পরে সহবাসের পূর্বে তার স্ত্রীকে তিন

তালাক দিত তো এক তালাক গন্য হত । হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, হ্যাঁ ! হুজুর (সাঃ) থেকে নিয়ে হযরত উমার (রাঃ) খলিফা হওয়ার কিছুদিন পর পর্যন্ত এমনি হত । যদি কোন মানুষ তারা গায়ের মাদখুল বিহা স্ত্রীকে তিন তালাক দিত তো এক তালাক সাব্যস্ত হত । কিন্তু যখন থেকে মানুষ দ্রুতগামী তালাক অর্থাৎ এক সঙ্গে এক শব্দে বা পৃথক শব্দের দ্বারা তিন তালাক দিতে লাগল তখন হযরত উমার (রাঃ) বললেন এখন থেকে তিন তালাক সাব্যস্ত হবে ।

সুতরাং এই হাদীস দ্বারা পরিস্কার বোঝা যায় হুজুরের জামানায়, হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) এর জামানায় এবং হযরত উমার (রাঃ) এর খেলাফতের প্রথম তিন বছরে তিন তালাক এক তালাক হতো যেটা ছিল গায়ের মাদখুল বিহা অর্থাৎ যে নারীর সহিত স্বামীর সহবাস হয়নি তার জন্য । মাদখুল বিহা অর্থাৎ স্বামীর সহবাস হয়েছে এমন রমনীর জন্য নয় ।

আহলে হাদীসদের গুমর ফাঁক

মুসলিম শরীফের উক্ত হাদীসের জবাব মুহাদ্দিসিনে কেরামরা লিপিবদ্ধ করার পরও আহলে হাদীসরা সেগুলো চোখ বুজে হজম করে যান । তবুও তারা বার বার তিন তালাককে এক তালাক বলে প্রমাণ করার জন্য এই হাদীসটাকে পেশ করা থাকেন । তাই এই হাদীসটি সম্পর্কিত কতকগুলি প্রশ্ন করা হল,

(১) এই হাদীসে এরকম বলা হয়নি যে রাসুলুল্লাহ (সাঃ), আবু বকর (রাঃ), এবং উমার (রাঃ) এর প্রথম দু'বছরে 'এক মজলিসে তিন তালাক' এক ছিল । এখানে বলা হয়েছে উক্ত তিন যুগে তিন তালাক এক ছিল । এখানে এক মজলিস কথাটি নেই । তাই এই হাদীস দ্বারা 'তিন তালাক শব্দের অর্থ কি ? যদি সবরকমের তালাক অর্থ হয় তাহলে যে ব্যক্তি তিন তহুরে তিন তালাক দেয় তাহলেও এক তালাক হবে । যা আহলে হাদীসরাও মানে না । সেজন্য আমাদের আহলে হাদীসদের নিকট প্রশ্ন, যদি

কোন ব্যাক্তি নিজের স্ত্রীকে তিন তহুরে তিন তালাক দেয় তারপর সে তার স্ত্রীকে কোন শরীয়াত ভিত্তিক হালালা না করিয়ে নিজের কাছে রেখে দিল যদি সে ঐ হাদীসটা পেশ করে তাহলে তাকে কি জবাব দিবেন ?

(২) আহলে হাদীসরা, উদাহরণস্বরুপ আহলে হাদীসদের মহামান্য আইনুল বারী সাহেব 'ইসলামী তালাকবিধি' পুস্তকে মুসলিম শরীফের উক্ত হাদীসটি তরজমা করতে গিয়ে ব্রেকেটের মধ্যে 'এক মজলিস' কথাটি লিখেছেন সেটা কোন আরবী শব্দের তরজমা ? মুসলিম শরীফের হাদীসে 'এক মজলিস' শব্দটি নেই । এখানে আইনুল বারী সাহেব নিজের মসলক প্রমাণ করার জন্য খেয়ানত ও ছলচাতুরীর আশ্রয় নিয়েছেন । কিন্তু কেন ? এর গোপন রহস্য কি ?

(৩) এক মজলিসে তিন তালাক দিলে আল্লাহর আয়াতের প্রতি বিদ্রুপ করা হয় এবং আল্লাহর রসুল (সাঃ)কে অসন্তুষ্টি করা হয় । তাহলে কি সাহাবায়ে কিরামরা নির্দিধায় নবী (সাঃ)-এর যুগে, আবু বকর সিদ্দিক (রাঃ) এর যুগে এবং উমার (রাঃ) এর প্রথম দুই বছর গুনাহর কাজ করতেন এবং বিদ্‌আত প্রক্রিয়ায় তালাক দিয়ে বিদ্‌আতী হয়েছিলেন ?

(৪) আহলে হাদীসরা মনে করেন, রসুলুল্লাহ (সাঃ) এর যুগে, আবু বকর সিদ্দিক (রাঃ) এর যুগে এবং উমার (রাঃ) এর প্রথম দুই বছর খেলাফতকালে তিন তালাক এক ছিল । তাহলে মনে করুন কোন ব্যাক্তি যদি তার স্ত্রীকে ৯ তালাক দেয় সেই ব্যাক্তি যদি আহলে হাদীস উলামার কাছে ফতোয়া চায়তে যায় তাহলে আহলে হাদীস উলামা 'এক তালাক হয়েছে' বলে ফতোয়া দেন । এক মজলিসে তিন তালাক যদি এক তালাক হয় তাহলে ৯ তালাক দিলে তিন তালাক হবে নিশ্চয় । এখন আহলে হাদীস উলামা এক তালাক বলেই ফতোয়া দিলেন । কিন্তু লোকটি বলল, ''৯ তালাক এক তালাক বলে গন্য হবে তার কোন সহীহ হাদীস পেশ করুন ।'' তাহলে আহলে হাদীস উলামা কি জবাব দিবেন এর জবাব দিন ।

(৫) আহলে হাদীরা তিন তালাককে এক তালাক বলে গন্য করেন, তহলে মনে করুন কোন ব্যক্তি যদি তার স্ত্রীকে সকালে এক তালাক, দুপুরে এক তালাক এবং রাতে এক তালাক মোট তিন তালাক দিল । আহলে হাদীসরা বলে এটাও এক তালাক বলে গন্য হবে । তাহলে সেই লোকটি যদি বলে সহীহ হাদীস পেশ করুন, তাহলে আহলে হাদীসরা কোন হাদীস পেশ করবেন ?

(৬) যদি কোন ব্যাক্তি সোমবার এক তালাক, মঙ্গলবার এক তালাক এবং বুধবার এক তালাক দিল, এমন কোন সহীহ হাদীস পেশ করুন তিন দিনে আলাদা আলাদা দেওয়া তালাক এক তালাক বলে গন্য হবে ।

(৭) যদি কোন ব্যক্তি প্রথম সপ্তাহে এক তালাক, দ্বিতীয় সপ্তাহে দুই তালাক এবং তৃতীয় সপ্তাহে তিন তালাক দেয় । তাহলে এমন সহীহ হাদীস পেশ করুন যে তিন সপ্তাহে তিন তালাক দিলে সেটা তিন বলে গন্য হবে না এক তালাক বলে গন্য হবে ।

(৮) যদি কোন ব্যাক্তি তার স্ত্রীকে হায়েজের অবস্থায় এক তালাক দেয় এবং তার সঙ্গে সহবাস করে এবং এই তালাক দেওয়া তার জন্য হারাম ছিল । স্ত্রীকে ঘর থেকে বের করে দিল । স্ত্রী তার মায়ের বাড়ি চলে গেল । একমাস পর আবার সেই ব্যাক্তি তার স্ত্রীকে তালাক দিয়ে পাঠালো । তখনও তার স্ত্রী হায়েজ অবস্থায় ছিল । তারপর আবার একমাস পর তৃতীয় তালাক দিয়ে পাঠালো তখনও তার স্ত্রী হায়েজ অবস্থায় ছিল । এরপর দুই বছর অতিবাহিত হয়ে গেল । এরপর মনে করুন সে একজন আহলে হাদীস মুফতী সাহেবের কাছে গেল এবং মুফতী সাহেব বললেন, তিন তালাকই হারাম ছিল, একটাও তালাক হয়নি । এখন তারা স্বামী-স্ত্রীর মতো থকতে লাগল ।

যদি এই ফতোয়া ঠিক হয় তাহলেও সহীহ হাদীস পেশ করুন এবং যদি ফতোয়া ভূল হয় তাহলেও সহীহ-সরীহ হাদীস পেশ করুন ।

(৯) আহলে হাদীসরা বলেন এক মজলিসে তিন তালাক দেওয়ার পর আল্লাহর রসুল (সাঃ) এর নিকট স্ত্রী স্বামীর জন্য হালাল ছিল । তাহলে কি হযরত উমার (রাঃ) আল্লাহ ও রসুল (সাঃ) এর হালাল করা ফতোয়াকে হারাম করে দিয়েছিলেন ? আর হযরত উমার (রাঃ) যদি তিন তালাককে তিন বলে ফতোয়া দেন তাহলে সেটা মানা যাবে কি না ?

(১০) দেশের শাসকের (হযরত উমার) এর কি এরকম অধিকার ছিল যে রাজনৈতিক কারণে আল্লাহর ও রাসুল (সাঃ) এর হারাম করা ফতোয়াকে হালাল হরে দিবেন ?

(১১) যখন হযরত উমার (রাঃ) তিন তালাককে তিন বলে ঘোষনা করলেন তখন কতজন সাহাবা (রাঃ) আল্লাহ ও আল্লাহর রসুল (সাঃ) এর হুকুমের উপর কায়েম ছিলেন এবং কতজন সাহাবা আল্লাহ ও আল্লাহর রসুল (সাঃ) এর হুকুম ছেড়ে হযরত উমার (রাঃ) এর শরীয়াতকে মেনে নিয়েছিলেন ? জবাব সহীহ হাদীস দ্বারা দিবেন ।

(১২) হযরত উমার (রাঃ) এর পর হযরত উসমান (রাঃ) এর খেলাফতের যুগে কতজন সাহাবা আল্লাহ ও আল্লাহর রসুল (সাঃ) এর হুকুম অনুযায়ী ফতোয়া দিতেন এবং কতজন সাহাবা হযরত উমার (রাঃ) এর হুকুম অনুযায়ী ফতোয়া দিতেন ? এবং হযরত উসমান গনী (রাঃ) কার সঙ্গে ছিলেন ? আল্লাহ ও আল্লাহর রসুল (সাঃ) এর না হযরত উমার (রাঃ) এর সঙ্গে ? সহীহ হাদীস দ্বারা প্রমাণ করুন ।

(১৩) হযরত আলী (রাঃ) এর খেলাফতের যুগে তাঁর এবং তাঁর মুফতীরা আল্লাহ ও আল্লাহর রসুল (সাঃ) এর শরিয়াতের উপর ফতোয়া দিতেন না হযরত উমার (রাঃ) এর শরীয়াতের উপর ? সহীহ হাদীস দ্বারা প্রমাণ করুন ।

(১৪) আহলে সুন্নত ওয়াল জামাআতের চার ইমাম আল্লাহ ও আল্লাহর রসুল (সাঃ) এর শরীয়াতের উপর ফতোয়া দিতেন না হযরত

উমার (রাঃ) এর শরীয়াতের উপর ফতোয়া দিতেন ? (তথ্যসূত্র ঃ আল্লামা আমীন সফদর ওকাড়বী রহ.)

আমাদের দৃঢ় বিশ্বাস আহলে হাদীস দলের লোকেরা কোন মতেই এই প্রশ্নগুলির জবাব শুধু কুরআন ও সহীহ হাদীস দ্বারা প্রমাণ করতে পারবেন না ।

একটি জাল হাদীসের বিবরণ

মুসনাদে উমারে বর্ণিত আছে ঃ উমার ফারুক (রাঃ) বলেন, ‘‘তিনটি বিষয়ে যতটা লজ্জিত হয়েছি এত লজ্জিত অন্য কোন বিষয়ে হয়নি । আমি যদি এক মজলিসে তিন তালাককে তিন ফতোয়া দিয়ে হারাম না করতাম এবং কৃতদাস দাসীদের বিয়ে না দেওয়াতাম আর মৃত ব্যাক্তির উপর ইনিয়ে বিনিয়ে ক্রন্দন কারীনীদেরকে হত্যা না করতাম ।’’

এই হাদীসটি আল্লামা ইবনে কায়্যিম (রহঃ) স্বীয় কিতাব ‘ইগা সাতুল লাহফা-ন’-এর মধ্যে মুসনাদে উমারের উদ্ধৃতি দিয়ে বর্ণনা করেছেন ।

এই হাদীসের উদ্ধৃতি দিয়ে বিভিন্ন আহলে হাদীস উলামারা সাধারণ মানুষকে একথা বুঝাতে চান যে হযরত উমার (রাঃ) এক মজলিসের তি তালাককে তিন বলে ফরমান জারি করেছিলেন । কিন্তু তাঁর এই উদ্দেশ্য সফল না হওয়ায় তিনি লজ্জিত হন এবং স্বীয় ফরমান ফিরিয়ে নেন ।

কিন্তু বিচার করলে দেখা যায় এই হাদীসের সনদটি সূত্রগতভাবে অত্যান্ত যয়ীফ । হাফিজ আবু বকর ইসমাইলী (রহঃ) উক্ত কথাটি ‘মুসনাদে উমার’-এ এভাবে বর্ণনা করেছেন; উক্ত সনদে হাফিজ আবু বকর, আবু ইয়ালা হতে, তিনি সা-লিহ বিন মালিক হতে, তিনি খালিদ বিন ইয়াযীদ হতে আর তিনি নিজের পিতা ইয়াযীদ বিন আবী মালিক হতে হাদীসটি বর্ণনা করেছেন । এর সনদটি তিন প্রকার দুর্বলাতার কারনে সম্পূর্ণ অকেজো ।

(১) এই হাদীসের ইয়াযীদ নামক রাবী 'মুদাল্লিস' । অর্থাৎ ইনি কথার মান বৃদ্ধি করার জন্য নিজের উস্তাদের নাম উহ্য রেখে উস্তাদের উস্তাদের নাম উল্লেখ করার দোষে দুষ্ঠ । এরপর রাবী অস্পষ্ট শব্দে বর্ণিত হাদীস অগ্রহনীয় । আর এক্ষেত্রে উক্ত হাদীসটিকে ইয়াযীদ অস্পষ্ট শব্দেই বর্ণনা করেছেন ।

বিশ্ববিখ্যাত রিজালবিদ ইমাম যাহাবী (রহঃ) 'মিযানুল এ'তেদাল'-এর ৯২০৪ ক্রমিক নম্বরে ইয়াযীদ বিন আবী মালিকের জীবনীতে লিখেছেন, ''ইনি 'মুদাল্লিস' এবং যাঁদের যুগ পাননি তাদের থেকে মুরসাল হাদীস বর্ণনাকারী ।'' ইমাম শো'বা (রহঃ) বলেছেন, ''তাদলীস মিথ্যার নামান্তর ।''

আল্লামা ইবনে হাজার আসকালানী (রহঃ) এই হাদীসের রাবী ইয়াযীদ সম্পর্কে সিদ্ধান্ত দিয়েছেন, ''ইনি এমন 'স্বদুক' রাবী যার কখনো কখনো ভূল হয় ।'' অর্থাৎ ইনি পঞ্চম স্তরের রাবী । আবার মুদাল্লিস । তাই এঁর 'মুনকতি' হাদীস কোন মতে গ্রহণযোগ্য নয় ।

(২) ইনি খলিফা উমার (রাঃ) এর যুগ না পাওয়া সত্যেও তাঁর থেকে উক্ত কথাটি বর্ণনা করেছেন । নিশ্চয় কিছু কিছু মানুষের মাধ্যমে তিনি একথা শুনেছেন । তারা কারা ? অতএব হাদীসটি 'মুনকাতি' । এরুপ হাদীস আদৌ গ্রহণযোগ্য নয় ।

উক্ত হাদীসে উমার (রাঃ) এর বানী বর্ণনাকারী রাবীর নাম ইয়াযীদ বিন আবী মালিক । পিতার নাম আব্দুর রহমান । দাদার নাম আবু মালিক । আল্লামা ইবনে হাজার আসকালানী (রহঃ) তাঁর জীবনীতে লিখেছেন, ৬০ হিজরীতে এঁর জন্ম । অর্থাৎ খলিফা উমার (রাঃ) এর ইন্তিকালের ৩৭ বছর পর ইনি জন্মগ্রহণ করেন । তাহলে নিশ্চয় ইনি হযরত উমার (রাঃ) এর উক্ত কথাটি কিছু মানুষের মাধ্যমে শুনেছেন । তারা কারা ? অতএব হাদীসটি 'মুনকাতি' । এরুপ হাদীস হাদীস বিশেষ করে আহলে হাদীসদের মতে আদৌ দলীলযোগ্য নয় ।

(তাহযীব, ক্রমিক নং-৮০২৭)

(৩) এই হাদীসের সনদে খালিদ নামক রাবী অধিকাংশ উলামার মতে যয়ীফ । এমনকি ইবনে মায়ীন (রহঃ) একে মিথ্যুক বলেছেন । অতএব হাদীসটি সম্পূর্ণ যয়ীফ এবং জাল ।

এই হাদীসের রাবী খালিদ বিন ইয়াযীদ সম্পর্কে ইমাম দারকুত্বনী (রহঃ) বলেছেন, ইনি যয়ীফ । ইমাম নাসাই বলাছেন, ইনি 'সিক্বাহ' নন । ১০ লাখ হাদীসের হাফিজ ইমাম আহমদ বিন হাম্বল (রহঃ) বলেছেন, ইনি কিছুই নন । ইবনে হিব্বান বলেছেন, ইনি প্রচুর ভূল করেন এবং এর হাদীসের মধ্যে বহু মুনকার হাদীস আছে । বিশেষ করে ইনি নিজের পিতার সূত্রে হাদীস বর্ণনা করলে আমি সেটা দলীলযোগ্য মনে করিনা । (আর এক্ষেত্রে তিনি নিজের পিতার সূত্রেই হাদীস বর্ণনা করেছেন ।)

আল্লামা ইয়াহইয়া ইবনে মায়ীন বলেছেন, খালিদ বিন ইয়াযীদের 'দিয়া-ত' সংক্রান্ত কিতাবটি পুড়িয়ে দেওয়া উচিৎ । ইনি নিজের পিতার উপর মিথ্যা বলে ক্ষান্ত হননি । আল্লাহর রসুল (সাঃ) এর সাহাবাদের উপরও মিথ্যা কথা আরো করেছেন । (তাহযীব, ১৭৪৬ নং ক্রমিক নং জীবনী)

সুতরাং উপরিউক্ত হাদীসটি সনদের দিক থেকে অত্যন্ত দুর্বল । ভাবলে অবাক লাগে আহলে হাদীসরা বলে, সহীহ হাদীস ছাড়া মানা যাবে না । তারাই আবার যয়ীফ হাদীসের আশ্রয় নিয়ে হানাফীদের বিরুদ্ধে বিষ উদ্গীরণ করে চলেছে । এটা তাঁদের ভাঁওতাবাজী নয়তো আর কি ?

পশ্চিমবঙ্গের বিখ্যাত আহলে হাদীস মৌলবী আইনুল বারী সাহেবও মুসনাদে উমারের উক্ত জাল হাদীসটি স্বীয় 'তালাক প্রাপ্তার খোরপোষ' পুস্তিকায় লিখে হানাফীদেরকে হেয় প্রতিপন্ন করার জঘন্য প্রয়াস করেছেন । এটা তাঁদের 'ডুবন্ত মানুষের খড় কুটোর আশ্রয়' নয়তো আর কি ?

এঁড়ে হুজ্জুতির কেন ?

আহলে হাদীরা যখন কোন দিক থেকে যুক্তি তর্কে পের উঠতে না পারেন তখন নিজেদের জিদ ও হটধর্মীকে বজায় রেখে এঁড়ে হুজ্জুতির উপস্থাপন করে বলেন, যেহেতু নবী (সাঃ)-এর যুগে, হযরত উসমান (রাঃ) হযরত উমার (রাঃ)-এর প্রথম দুই বছর তিন তালাক এক ছিল তাই এক মজলিসে তিন তালাক এক তালাক বলেই গন্য ।

আমরা হালে হাদীসদের একটি কথায় বলব, যদি তাই হয় তাহলে আপনারা শিয়াদের মতো 'মুতা' বিবাহকে হালাল বলে প্রকাশ্যে শিয়াদের দলে ভিড়ে যান না কেন ? কেননা মুসলিম শরীফের হাদীসে অন্য জায়গায় আছে,

হাদীস ঃ হযরত যুবাইর (রাঃ) বলেন, আমি জাবির ইবনে আব্দুল্লাহ (রাঃ)কে বলতে শুনেছি ঃ আমরা এক মুঠো খেজুর অথবা ময়দার বিনিময়ে রাসুলুল্লাহ (সাঃ) এর যুগে এবং হযরত আবু বকর

(রাঃ) এর যুগে 'মুতা' বিবাহ করতাম । শেষ পর্যন্ত হযরত উমার (রাঃ) আমর ইবনে হুরাইসের বিষয়টিকে কেন্দ্র করে তা নিষিদ্ধ করেন । (মুসলিম শরীফ, পৃষ্ঠা-৫১৯)

এই হাদীস দ্বারা পরিস্কার বোঝা যায় যে সাহাবারা রাসুলুল্লাহ (সাঃ) এর যুগে, হযরত আবু বকর (রাঃ) এর যুগে এবং হযরত উমার (রাঃ) এর যুগে 'মুতা' অর্থাৎ সাময়িক বিবাহ করতেন । হযরত উমার (রাঃ) সেটাকে নিষিদ্ধ ঘোষনা করেন ।

এখানে আমি আহলে হাদীসদের বলব, আপনারা যেমন বলেন যে রাসুলুল্লাহ (সাঃ) এর যুগে, হযরত আবু বকর (রাঃ) এর যুগে যেমন তিন তালাক এক ছিল বলে তিন তালাককে এক তালাক বলে; ফতোয়া দেন তাহলে তাঁদের যুগে সাহাবারা মুতা করতেন সেজন্য আপনারা 'মুতা'

বিবাহকে হালাল বলেন না কেন ? এই দ্বিচারিতা আপনারা কোন হাদীসে পেয়েছেন ? দ্বিচারিতা ছাড়ুন এবং শিয়াদের মতো বলুন 'মুতা' করা জায়েয । যদিও আহলে হাদীস দলের মহামান্য আল্লামা ওয়াহীদুজ্জামান হায়দ্রাবাদী লিখেছেন, ''মুতা (সাময়িক শর্তের টাকার বিনিকময়ে বিবাহ করা বা টাকার বিনিময়ে যে কোন নারীর সঙ্গে ব্যাভিচার করা) কোরআন শরীফে অকাট্য আয়াত দ্বারা প্রমাণিত ।'' (নজুলুল আবরার, খন্ড-২, পৃষ্ঠা-৩৩-৩৪) তিনি এও লিখেছেন, ''আহলে হাদীসরা শিয়া ।'' (নজুলুল আবরার, খন্ড- ১, পৃষ্ঠা-৭)

আহলে সুন্নাত ওয়াল জামাআতের দলীল

এক সঙ্গে তিন তালাক দিলে তিন তালাক বলে গন্য হবে তার স্বকক্ষে যেসব হাদীস রয়েছে তা নিচে বর্ণনা করা হল,

১ নং দলীল

হাদীস ঃ হযরত সালমা বিন আবী সালমা নিজের পিতার সূত্রে বর্ণনা করেন যে, হাফস্ বিন মুগীরা (রাঃ) নিজের স্ত্রী ফাতিমা বিনতে কায়েসকে আল্লাহর রসূল (সাঃ) এর যুগে এক শব্দে তিন তালাক দিয়েছিলেন । তাই নবী (সাঃ) ফাতিমাকে তার স্বামীর থেকে পৃথক করে দিয়েছিলেন । আর আমরা এমন কোন খবর পাইনি যে নবী (সাঃ) এই কার্যের নিন্দা করে হাফস্ ইবনুল মুগীরার উপর রাগান্বিত হয়েছিলেন । (সুনানে দারাকুত্বনী)

২ নং দলীল

হাদীস ঃ হযরত আমীর শা'বী (রহঃ) বলেন, একদা আমি ফাতিমা বিনতে কায়েসকে বললাম, আপনি নিজের তালাকের ঘটনা শোনান । তিনি বললেন, আমার স্বামী ইয়ামানের সফরে বার হয়ে আমাকে তিন তালাক দিয়েছিল । আর আল্লাহর রসূল (সাঃ) সেটা কার্যকারী করেছিলেন । (ইবনে মাজাহ, পৃষ্ঠা- ১৪৫)

৩ নং দলীল

হাদীস ঃ হযরত আলকামাহ (রহঃ) বর্ণনা করেন যে, একদা হযরত ইবনে মাসউদের কাছে জনৈক ব্যাক্তি এসে বলল, আমি আমার স্ত্রীকে ৯৯ তালাক দিয়ে ফেলেছি । তারপর আমি জিজ্ঞেস করলে লোকেরা আমাকে বলেছে, আমার স্ত্রী আমার থেকে পৃথক হয়ে গেছে । তখন ইবনে মাসউদ (রাঃ) বললেন, লোকেরা তোমার আর তোমার স্ত্রীর মাঝে বিচ্ছেদ ঘটাতে চাইছে । একথা শুনে সেই ব্যাক্তি ভাবল, আল্লাহ আপনার উপর রহমত বর্ষণ করুন । এ বিষয়ে আপনি কি বলেন ? তখন ইবনে মাসউদ (রাঃ) বললেন, (৯৯ তালাকের মধ্যে হতে) তিন তালাক তোমার স্ত্রীকে তোমার থেকে পৃথক করে দিয়েছে । আর বাদবাকী সবগুলি ঔদ্ধত্য মুলক ও জুলুম । (মুসান্নাফ ইবনে আবী শায়বা, পৃষ্ঠা-৬৩/ মুসান্নাফ আব্দুর রায্যাক, পৃষ্ঠ-৩০৭)

এই হাদীসটাকে আহলে হাদীসদের মাওলানা ইবনে হাযম জাহিরী সহীহ বলেছেন । তিনি বলেছেন, ‘‘এর সনদ অত্যান্ত বিশুদ্ধ ।’’ (মুহাল্লা, পৃষ্ঠা- ১৭২)

৪ নং দলীল

হাদীস ঃ আব্দুর রায্যাক সুফিয়ান হতে, তিনি ইবনে আবী লাইলা হতে, তিনি নাফী হতে বর্ণনা করেছেন যে এক ব্যাক্তি নিজের স্ত্রীকে ঋতুবতী অবস্থায় তিন তালাক দিয়েছিল । তারপর সে ইবনে উমার (রাঃ)কে এ বিষয়ে জিজ্ঞেস করলে তিনি বলেছিলেন, তুমি তোমার প্রভূর নাফরমানী করেছ । তোমার স্ত্রী তোমার থেকে পৃথক হয়ে গেছে । তোমার ছাড়া অন্য স্বামীর সাথে বিয়ে না করা পর্যন্ত ঐ স্ত্রী তোমার জন্য হালাল হবে না । (মুসান্নাফ আব্দুর রায্যাক, পৃষ্ঠা-২৪৫/ বাইহাকী শরীফ, পৃষ্ঠা-৩৩৬)

৫ নং দলীল

হাদীস ঃ হযরত সায়ীদ মাকবুরী (মৃত্যু ১২০ হিজরী) বিশ্বস্ত তাবিয়ী বলেন, একবার আমি যখন হযরত ইবনে উমার (রাঃ) এর কাছে উপস্থিত ছিলাম । তখন এক ব্যাক্তি তাঁর কাছে এসে (তাঁর উপনাম দ্বারা ডাক দিয়ে) বলল, হে আবু আব্দির রহমান ! আমি আমার স্ত্রীকে ১০০ তালাক দিয়ে ফেলেছি । তদুত্তরে হযরত ইবনে উমার (রাঃ) বললেন, তোমার স্ত্রী তিন তালাক দ্বারা পৃথক হয়ে গেছে । আর বাদ বাকী ৯৭ তালাক সম্পর্কে আল্লাহ কিয়ামতের দিন তোমার কাছে হিসাব নিবেন । (মুসান্নাফ ইবনে আবী শায়বা, পৃষ্ঠা-৬৪)

৬ নং দলীল

হাদীস ঃ হযরত আনতারাহ (রহঃ) বলেন, একদা আমি হযরত ইবনে আব্বাসের মজলিসে বসে ছিলাম । এমতাবস্থায় একজন এসে বলল, ঃএ ইবনে আব্বাস ! আমি আমার স্ত্রীকে ১০০ তালাক দিয়ে ফেলেছি । আমি তাকে এক সাথেই এটা বলেছি । এখন আমার স্ত্রী তিন তালাক দ্বারা পৃথক হবে না, এটা এক তালাক বলে গন্য হবে ? তদুত্তরে হযরত ইবনে আব্বাস (রাঃ) বললেন, তোমার স্ত্রী তিন তালাক দ্বারা পৃথক হয়ে গেছে । আর বাদবাকী ৯৭ তালাক তোমার উপর পাপের বোঝা হয়ে থকলো । (মুসান্নাফ ইবনে আবী শায়বা, পৃষ্ঠা-৬৩)

৭ নং দলীল

হাদীস ঃ হযরত কায়েস বিন আবী হাসিম (রহঃ) হতে বর্ণিত যে, একদা হযরত মুগীরা বিন শু'বাহ (রাঃ)কে এমন এক ব্যাক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হল । যে ব্যক্তি নিজের স্ত্রীকে ১০০ তালাক দিয়েছিলেন । তিনি তার উত্তরে বললেন, এর মধ্য হতে তিন তালাক স্ত্রীকে স্বামীর জন্য হারাম করে দেবে । আর বাকী ৯৭ তালাক অতিরিক্ত । (মুসান্নাফ ইবনে আবী শায়বা, পৃষ্ঠা-৬৩)

৮ নং দলীল

হাদীস ঃ হাকাম বিন উতাইবাহ (রাহঃ) হতে বর্ণিত যে হযরত আলী, ইবনে মাসউদ ও যায়েদ বিন সাবিত (রাঃ) বলেছেন, কেউ যদি কুমারী স্ত্রীকে একসাথে তিন তালাক দেয় তবে সে স্ত্রী অপর স্বামীর সাথে বিয়ে না করা পর্যন্ত এর জন্য হালাল হবে না । (অর্থাৎ তিন তালাক পড়বে) আর যদি পৃথক পৃথক ভাবে তিন তালাক দেয়, তবে প্রথম তালাক দ্বারা স্ত্রী পৃথক হয়ে যাবে । তারপরের দুই তালাক কিছুই হবে না । (মুসান্নাফ আব্দুর রায্যাক, পৃষ্ঠা-২৬৪)

৯ নং দলীল

হাদীস ঃ হযরত আত্বা বিন ইয়াসির (রহঃ) বলেন, একদা কোন এক ব্যক্তি হযরত আব্দুল্লাহ ইবনে উমার ইবনুল আস (রাঃ)এর কাছে এসে এমন একজন ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করল, যে ব্যাক্তি নিজের স্ত্রীকে বিয়ের পর তাঁকে স্পর্শ করার পূর্বে তিন তালাক দিয়ে দিয়েছে । হযরত আত্বা বলেন, আমি এর উত্তরে বলেছিলাম, কুমারী স্ত্রী কেবলমাত্র এক তালাকেরই পাত্রী । আমার জবাব শুনে হযরত আব্দুল্লাহ ইবনে উমার ইবনুল আস (রাঃ) বললেন, তুমি তো গল্প শোনালে ! এক তালাক দিলে কুমারী স্ত্রী পৃথক হয়ে যায় । আর তিন তালাক দিলে সে অপর স্বামীর সাথে বিয়ে না করা পর্যন্ত হালাল হয় না । (বাইহাকী শরীফ, পৃষ্ঠা-২৭২)

১০ নং দলীল

হাদীস ঃ হযরত সুফিয়ান বিন উআইনাহ (রহঃ) এর শাইখ শকীফ ইবনে আবী আব্দিল্লাহ (রহঃ) বলেন, একবার আমরা হযরত আনাস (রাঃ) এর দরবারে গেলাম । দেখলাম তিনি (কামরা থেকে) বার হয়ে আমাদের পাশ দিয়ে (নিজের বসার জায়গার দিকে) অতিক্রম কালীন আমাদেরকে সালাম করলেন না । শেষে নিজের বসার জায়গায় পৌঁছে যাওয়ার পর আমাদের দিকে মুখ করে বললেন, আসসালামু আলাইকুম ! অতপর আমরা

তাঁকে জিজ্ঞেস করলাম, এক ব্যাক্তি কুমারী সহবাসের পূর্বে তিন তালাক দিয়েছে, এর বিধান কি ? তিনি জবাব দিলেন, হযরত উমার (রাঃ) এরুপ স্বামী-স্ত্রীকে পৃথক করে দিতেন এবং স্বামীকে ঠেঙাতেন । (মুসান্নাফ আব্দুর রায্যাক, পৃষ্ঠা-২৬০)

১১ নং দলীল

